

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৭৫
বিশালগড়, ২৮ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
প্রধানমন্ত্রীর লক্ষ্য শক্তিশালী মা ও দেশ গঠন : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী**

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতিঘরে সুশাসন ২.০ অভিযানের সাফল্য নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সুবিধাভোগীদের সাথে মতবিনিময় করেন। চড়িলামের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় মিনি স্টেডিয়ামে প্রধানমন্ত্রীর এই মতবিনিময় সম্প্রচারটি প্রত্যক্ষ করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা সহ বিশিষ্ট জনেরা।

এ উপলক্ষে আয়োজিত বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের উদ্বোধন করে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, গত ৯ বছরে প্রধানমন্ত্রী আবাস যোজনা, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী জনধন যোজনা, স্বচ্ছভারত মিশন সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে বহু সুবিধাভোগী উপকৃত হয়েছেন। উপকৃতরা মেরি কাহনী মেরি জুবানী কর্মসূচিতে তাদের সফলতার কথা তুলে ধরেছেন। তিনি বলেন, সমাজের অস্তিম পর্যায়ের যে সকল ব্যক্তি এখনো কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের বিষয়ে অবগত নন তাদের ভ্রাম্যমান প্রচার গাড়ির মাধ্যমে সচেতন করা হচ্ছে। তিনি বলেন, এই দু'টি কর্মসূচিতে রাজ্যের ৮০০০ জনকে এখন পর্যন্ত আয়ুষ্মান কার্ড, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় ৯০০০ জনকে গ্যাসের কানেকশন দেওয়া হয়েছে। কয়েক বছরে প্রধানমন্ত্রী আবাস (গ্রামীণ) যোজনায় ৩ লক্ষ ৭৭ হাজার সুবিধাভোগীকে ঘর দেওয়া হয়েছে। এই যোজনায় শহর এলাকার ৯৪ হাজার ১৫৩ জন সুবিধাভোগীকে ঘর দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য হলো শক্তিশালী মা ও শক্তিশালী দেশ গঠন করা। এ কাজে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রিসহ অন্যান্য অতিথিগণ স্বাবলম্বন প্রকল্পে ৪ জনের হাতে ১৪ লক্ষ টাকার চেক তুলেদেন। এছাড়া প্রধানমন্ত্রী মাত্ৰুবন্দনা যোজনা, মুখ্যমন্ত্রী মাতৃপুষ্টি উপহার যোজনা, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা প্রভৃতি প্রকল্পে সুবিধাভোগীদের নানা সহায়তা দেওয়া হয়। শিবিরে ১৮টি দপ্তরের প্রদর্শনীস্টল থেকে গ্রামবাসীদের বিভিন্ন প্রকল্পের বিষয়ে সচেতন করা হয় এবং সুবিধা প্রদান করা হয়। অনুষ্ঠানে চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাখী দাস কর, সিপাহীজলা জিলা পরিষদের সদস্য বিশ্বজিৎ সাহা, সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, বিশালগড় মহকুমার মহকুমা শাসকসহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
